২০৮
১৩/০৪/২৫

সময় নির্ধারিত

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☑ পরিচালক
☐ প্রকল্প-পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
..........................তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক

**Gazipur Digital University**
Kaliakair, Gazipur-1750

**2016**

**গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি**
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

স্মারক নং- ৩৭.০১.৪১০২.০০০.৩৮.০০১.২৩-২৭৭৩

তারিখ: ০৯চৈত্র ১৪৩১
২৩শেমার্চ২০২৫

বিষয়: EDGE প্রকল্পের আওতায় সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণের জন্য কর্মকর্তাবৃন্দের মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সুত্রঃবাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর স্মারক নং:০৪৫৬০১০০০০০৪৬২৫০০৬২৩(২)-১৮৩৮, তারিখঃ ২৯ জানুয়ারি ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি কর্তৃক বাস্তবায়নাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের অধীনে International Development Association (IDA)-এর সহায়তায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)এর পরিচালনায়"Enhancing Digital Government & Economy (EDGE)"প্রকল্পটি তথ্য ও প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণ ও তথ্য প্রযুক্তি শিল্পের বিকাশে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে, যার মধ্যে অন্যতম হচ্ছে নীতিনির্ধারক, সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণের ডিজিটাল সক্ষমতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান।

সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠান থেকে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তার সদয় মনোনয়ন প্রয়োজন। উল্লেখ্য, মনোনীত কর্মকর্তাদের গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি-এর তত্ত্বাবধানে ঢাকা শহরে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/অনাবাসিক)পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে।

এমতাবস্থায়, ৩ (তিন) দিনব্যাপী সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/বোর্ড/একাডেমি/কর্তৃপক্ষ/প্রতিষ্ঠান থেকে ৯ম বা তদূর্ধ্বগ্রেডের (টেকনিক্যাল/নন-টেকনিক্যাল) সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তাকে নিম্নের ছক মোতাবেক মনোনয়ন প্রদানপূর্বক তালিকা আগামী ১৪ এপ্রিল ২০২৫ (সোমবার) তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর হার্ডকপি এবং ইমেইলে সফটকপি প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য , যে সকল কর্মকর্তা ইতোমধ্যে সাইবার নিরাপত্তা বিষয়কপ্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের পুনরায় মনোনয়ন প্রদানের প্রয়োজন নেই।

| ক্র: নং: | দপ্তর/প্রতিষ্ঠানের নাম | নাম ও পদবি | মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|---|
| | | | | |

এ বিষয়ে কোন তথ্যের প্রয়োজনে জনাব এম.মোস্তাফিজুর রহমান, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার ও গভঃলিয়াজো অফিসার,গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি, মোবাইল নং: ০১৭১২১২৮৪৭৬, ইমেইল: mostafijur0001@bdu.ac.bd-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

২৮.৩.২৫

(অধ্যাপক ড. মোঃআনোয়ারহোসেন)
ট্রেজারার ও প্রকল্পপরিচালক (EDGE),
গাজীপুরডিজিটালইউনিভার্সিটি
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

Email: edge@bdu.ac.bd

**বিতরণ (জ্যেষ্ঠতারক্রমানুসারেনয়):**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১০.৪৯.০০০১.২১.৩৬০১

তারিখ: ২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

মূলপত্রের মর্মানুযায়ী বর্ণিত কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী কর্মকর্তাগণকে Google Link: https://forms.gle/EMVUfREhVDomRxbq৯ এ আগামী ২১/৪/২০২৫খ্রি. তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে করা হলো।

১৫-০৪-২০২৫
এস.এম. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক-১
০২-৪১০৫০৬১৮
dir-training@dshe.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। অধ্যক্ষ, সকল সরকারি কলেজ।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৫। প্রধান শিক্ষক, সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়।
৬। জেলা শিক্ষা অফিসার, (সকল)।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১০.৪৯.০০০১.২১.৩৬০১/১ (৩)

তারিখ: ২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। পিএ টু পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সংরক্ষণ, নথি।

১৫-০৪-২০২৫
এস.এম. সাইফুল ইসলাম
সহকারী পরিচালক-১